দক্ষিণ আফ্রিকা- ১৬০/৬
দুসান-৫৬
জিম্বাবোয়ে- ১২৬/১০

মাঠে - ময়দানে

ভেস্তে গেল ম্যাচ। বৃষ্টির জন্য দ্বিতীয় প্রস্তুতি ম্যাচে নামতে পারল না লাল-হলুদ ফুটবলাররা।

ভেস্তে গেল প্রস্তুতি ম্যাচ

স্টাফ রিপোর্টার: হল না প্রস্তুতি ম্যাচ। শত চেষ্টা করেও প্রস্তুতি ম্যাচের জন্য দল জোগাড় করতে পারলেন না মোহনবাগান কর্তারা। তাই ভেস্তে গেল শঙ্করলাল চক্রবর্তীর ১০ তারিখের প্রস্তুতি ম্যাচ খেলার পরিকল্পনা। আসলে দেবীপক্ষ পড়ে গেছে, তাই পুজোর সময় কোনও দলই ম্যাচ খেলতে চাইছে না। টিম খুঁজতে গিয়ে নাভিশ্বাস উঠে যাচ্ছে বাগান থিঙ্ক ট্যাঙ্কের। তবে আই লিগের প্রস্তুতিতে অন্তত চারটে প্রস্তুতি ম্যাচ খেলতে চাইছেন বাগান কোচ। কিন্তু সেটা কীভাবে হবে, এখনও বুঝে উঠতে পারছেন না কেউই। ইস্টবেঙ্গল যেখানে বিদেশে গিয়ে বিদেশি দলের সঙ্গে প্রস্তুতি ম্যাচ খেলে আই লিগের জন্য নিজেদের প্রস্তুত করছে, সেখানে খেলার জন্য টিমই খুঁজে পাচ্ছে না সবুজ-মেরুন। তবে শঙ্করলাল চক্রবর্তী নিজের চেষ্টায় ১৩ তারিখ সেল অ্যাকাডেমির সঙ্গে ম্যাচ খেলার বন্দোবস্ত করে ফেলেছেন। সেলের দায়িত্বে ত্রিজিত দাস যিনি বাগান কোচের পরিবারিক পরিচিতির মধ্যে পড়েন। সেই কানেকশন ধরেই প্রস্তুতি ম্যাচের বন্দোবস্ত করলেন বাগান কোচ। তাই চতুর্থীর দিন সকালে প্রস্তুতি ম্যাচ খেলবে মোহনবাগান।

ধোনি এশিয়া কাপে অধিনায়কত্ব করার সুযোগ পাওয়ায় অখুশি নির্বাচকরা

রাঁচি, ১০ অক্টোবর: রোহিত শর্মার নেতৃত্বে সপ্তমবার এশিয়া কাপ ঘরে তুলেছে ভারত। কারণ এই টুর্নামেন্টে বিশ্রাম দেওয়া হয়েছিল ভারত অধিনায়ক বিরাট কোহলিকে। তবে শুধু রোহিত নন। টুর্নামেন্টের একটি ম্যাচে দেখা যায় ভারতকে নেতৃত্ব দিচ্ছেন প্রাক্তন অধিনায়ক তথা উইকেটকিপার ব্যাটসম্যান মহেন্দ্র সিং ধোনি। আফগানিস্তানের বিরুদ্ধে সেই ম্যাচ অবশ্য টাই হয়। টিভির পর্দায় অনেকদিন পর ধোনির অধিনায়কত্ব দেখে রীতিমতো খুশি হওয়াটাই স্বাভাবিক ক্রিকেটপ্রেমীদের। সেই ম্যাচে একটি রেকর্ডও করেন তিনি। ভারতের হয়ে ২০০তম ম্যাচে অধিনায়ত্ব করেন। তবে ধোনিকে এভাবে অধিনায়কের দায়িত্বে দেখে খুশি হতে পারেনি ভারতীয় ক্রিকেট বোর্ড। এক সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে বিসিসিআইয়ের এক প্রতিনিধি জানান, নির্বাচকরা খুশি নয় বারবার এমন বদলের ফলে। রোহিত শর্মা এবং শিখর ধাওয়ান বসে রইল কিন্তু হঠাৎ করে মহেন্দ্র সিং ধোনিকে জোর করে অধিনায়কের দায়িত্বে পাঠানো হল।

৬৯৬ দিন আগে নিজেই অধিনায়কের দায়িত্ব ছেড়ে দিয়েছেন, তাঁকে হঠাৎ রেকর্ড করার সুযোগ দেওয়াটা মোটেই পছন্দ করেননি নির্বাচকরা। এ নিয়ে তারা টিম ম্যানেজমেন্টের সঙ্গে কথা বলবেন বলেও জানা গেছে।

দেশকে সোনা এনে দিলেন হরভিন্দর

জাকার্তা, ১০ অক্টোবর: দুই পায়ের হাঁটুর নিচ থেকে সমস্যা। ভাল করে দাঁড়াতে পারেন না। হাটাহাটি, ছোটাছুটির তো প্রশ্নই নেই। কিন্তু দাঁড়িয়ে বা বসে নির্দিষ্ট লক্ষ্যভেদ করতে তাঁর জুড়ি মেলা ভার। শরীরের বাঁধা কখনওই তাঁর মনের অন্তরায় হয়ে দাঁড়াতে পারেনি। মনের জোরেই শরীরের প্রতিবন্ধকতা কাটিয়ে এবার দেশের নাম আন্তর্জাতিক মঞ্চে স্বর্ণাক্ষরে লিখে এলেন হরভিন্দর সিং। জাকার্তায় আয়োজিত এশিয়ান প্যারা গেমসের তিরন্দাজিতে সোনা জিতলেন এই পাঞ্জাব তনয়।

এশিয়ান প্যারা গেমসে এই নিয়ে ভারতের সোনার পদক জয়ের সংখ্যা সাত। এদিনের চিনের শাও লিক্সকে ৬-০ তে হারালেন হরভিন্দর। তিনি ডব্লুউটু/এসটি ক্যাটেগরিতে নেমেছিলেন। ডব্লুউটু ক্যাটেগরি তাঁদের জন্য যারা হুইলচেয়ার ছাড়া তিরন্দাজিতে নামতে পারেন না। অর্থাৎ যাদের হাঁটুর নিচ থেকে পায়ের বাকি অংশ অসাড়।

এসটি ক্যাটেগরিতে যারা অংশ নেন তাদের পায়ে সমস্যা থাকলেও হুইলচেয়ারের দরকার পড়ে না। এফ৫১ ক্যাটেগরিতে পুরুষদের ডিসকাস থ্রোয়ে রুপো পেলেন মনু ঘানেস। ৩৫.৮৯ মিটার ছুঁড়েছিলেন তিনি। এফ৪৬ ক্যাটেগরিতে শটপাটে ভারতের মহম্মদ ইয়াসির রোঞ্জ পেলেন। ১৪.২২ মিটার দূরত্বে ছুঁড়ে।

বার্সেলোনার প্র্যাকটিসে লিওনেল মেসি।

এক কোটি টাকা ক্ষতিপূরণ দাবি পৃথ্বী'র ম্যানেজমেন্ট টিমের

নয়াদিল্লি, ১০ অক্টোবর: ভারতীয় ক্রিকেট এই মুহূর্তে সবচেয়ে চর্চিত মুখ তরুণ তারকা পৃথ্বী শ। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে অভিষেক টেস্টেই শতরান করেছেন তিনি। আর যার ফলে সোশ্যাল মিডিয়ায় রীতিমতো 'ট্রেন্ডিং' হন তিনি। আর পৃথ্বীর এই শতরানকে কাজে লাগিয়ে নিজেদের ব্যবসা আরও সুদৃঢ় করতে চেয়েছিল কিছু কোম্পানি। পৃথ্বীর অনুমতি না নিয়েই এই কাণ্ড করতে চেয়েছিল তারা। এখন তারা বিপুল ক্ষতির সম্মুখীন। মূলত ফ্রি-রিচার্জ এবং সুইগির বিরুদ্ধে আইনি নোটিস আনল স্পোর্টস মার্কেটিং সংস্থা বেসলাইন ভেন্টারস, যারা পৃথ্বীর ম্যানেজমেন্টের দায়িত্ব রয়েছে। সংবাদ মাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, ১ কোটি টাকা ক্ষতিপূরণ চেয়েছে বেসলাইন ভেন্টারস। তাদের অভিযোগ, ওই কোম্পানিগুলি বিনা অনুমতিতে পৃথ্বীর নাম এবং খ্যাতি ব্যবহার করেছিল। সুইগি নিজেদের ব্যবসার জন্য টুইটে লেখে, প্রথম আমরা যেগুলো সারাজীবন মনে রাখব, 'রসমালাইয়ের প্রথম কামড়, পৃথ্বী শ'র প্রথম ইনিংস' যা ১৯৯৬, ট্রেডমার্ক অ্যাক্ট আইনের নিয়মের বিপরীতে। বেসলাইনে ভেন্টারসের এমডি তুহিন মিশ্র জানান, হতাশাব্যঞ্জক। গোপনে ব্যবসা করছে ওরা। এটা শুধু খেলোয়াড়ের সঙ্গে অন্যায় নয়, যারা সঠিক স্পনসর তাদের সঙ্গেও। যারা নিয়ম মেনে কাজ করছে, তাদের সঙ্গেও। তবে শুধু এই দুই কোম্পানি নয়, পৃথ্বীর পারফরম্যান্সে কাজে লাগাতে এগিয়ে আসে আমুল কোম্পানিও। টুইটারে যার প্রতিফলন দেখা যায়। নোটিস পাওয়ার কথা স্বীকার করেছেন সুইগির মুখপাত্র। তবে বলেছেন, কোম্পানি হিসাবে তারা পৃথ্বী শ ও তার অভিযেক সেক্তুরির জন্য গর্বিত। পৃথ্বী শ'র নাম ও খ্যাতি ব্যবহার করে তারা কোনও আইনবিরুদ্ধ কাজ করেননি। তবে তাদের কোম্পানির লিগ্যাল টিম ওই নোটিস খতিয়ে দেখছে।

বার্সেলোনার তারকাকে টার্গেট করতে চলেছে ম্যানইউ

বার্সেলোনা, ১০ অক্টোবর: লিগের ম্যাচে নিউক্যাসেলকে পিছিয়ে পড়েও হারিয়ে আপাতত কিছুটা স্বস্তিতে ম্যান ইউ এবং তাদের কোচ জোসে মরিনহো। এই ধারাকে ধরে রাখতে বদ্ধপরিকর তারা। শেষমেশ কী হবে তা তো সময়ই বলবে। তবে আগামীর জন্য এখন থেকেই নিজেদের তৈরি করতে বদ্ধপরিকর তারা। আর সেই কথাকে মাথায় রেখে শোনা যাচ্ছে তারা নাকি টার্গেট করতে চলেছে বার্সেলোনার লেফটব্যাক জর্ডি আলবাকে। বার্সার প্রথম দলের অন্যতম গুরুত্বপূর্ণ খেলোয়াড় তিনি।

তবে আলবা এখনও আশায় আছেন বার্সা তার সঙ্গে চুক্তির নবীকরণ করবে। কিন্তু এখনও তাদের পক্ষ থেকে কিছু জানানো হয়নি।

শোনা যাচ্ছে ক্লাব এই বিষয়ে সবই জানে কিন্তু এখনই তারা কোনও পদক্ষেপ গ্রহণ করছে না। তাদের ইচ্ছে ২০১৯'এই তারা এ নিয়ে কথা বলবে। তবে অ্যালবার প্রতিনিধিরা ধৈর্য হারাচ্ছেন এবং এখনই চুক্তি নিয়ে কথা বলতে চান।

অন্যদিকে, মেসি, সুয়ারেজ, পিকে, সার্জিও রবার্তো, রাকিটিচ, টের স্টেগান উমতিতি, বুসকেতদের ইতিমধ্যেই নবীকরণ চুক্তি পাঠিয়ে দিয়েছে বার্সা কর্তৃপক্ষ। এখনও বার্সার সঙ্গে ২১ মাসের চুক্তি রয়েছে অ্যালবার। এখন দেখার শেষমেশ ম্যানইউ তাঁকে দলে নিতে পারে কি না।

ফ্রেন্ডলি ম্যাচ নয় : স্টিফেন

স্টাফ রিপোর্টার: বলবন্ত সিংকে ছাড়াই ফ্রেন্ডলি ম্যাচ খেলতে চিনে উড়ে গেল ভারতীয় দল। ১৩ তারিখ চিনের বিরুদ্ধে এই প্রথম আন্তর্জাতিক ম্যাচ খেলবেন সুনীল ছেত্রীরা। এই ম্যাচে খেলতে পারবেন না এটিকে স্ট্রাইকার। পাসপোর্ট সমস্যার জন্য দলের সঙ্গে যেতে পারলেন না বলবন্ত সিং। চিনে রওনা দেওয়ার আগে দিল্লিতে প্রেস মিটে ভারতের কোচ জানান, বলবন্ত যাচ্ছে না আমাদের সঙ্গে। তবে এটা কোনও সমস্যার নয়। স্টিফেন যেভাবে দলটাকে গড়েছেন, সব পজিশনেই যথেষ্ট অপশন রয়েছে। সুতরাং বলবন্তের বদলি খুঁজে নেওয়া কোনও কঠিন কাজ নয়। হতে পারে চিনের ম্যাচটা স্রেফ ফ্রেন্ডলি ম্যাচ। কিন্তু ম্যাচটাকে যথেষ্ট গুরুত্ব দিচ্ছেন স্টিফেন। সাফ বলে দিচ্ছেন, বিশ্বের কাছে এটা ফ্রেন্ডলি গেমস হতে পারে, কিন্তু আমাদের কাছে নয়। প্র্যাকটিসে টিম মিটিংয়ে স্টিফেন ফুটবলারদের যে কথাটা বারবার বলে থাকেন, সেই কথাটাই এদিন প্রেস মিটে বলে দেন। ফ্রেন্ডলি, নো ফ্রেন্ডলি যাই হোক না কেন, এটা মাথায় রাখতে হবে জাতীয় দল খেলছে। বিশ্বের কাছে ফ্রেন্ডলি ম্যাচ হলেও আমাদের কাছে নয়। ম্যাচটা যেনতেন প্রকারে জেতাই আমাদের লক্ষ্য। তার জন্য সর্বশক্তি দিয়ে ঝাঁপাব। ওখানে আমরা হারতে যাচ্ছি না। জানি, ম্যাচটা কঠিন হবে। কিন্তু জেতার লক্ষ্য নিয়েই নামব। যদি আমরা জিততে নাও পারি, ম্যাচটা খেলে অভিজ্ঞতা সঞ্চয় করে ফিরব। নভেম্বরে আরও একটি ফ্রেন্ডলি ম্যাচ খেলার কথা ভারতের। চিনের ম্যাচটি ভারতীয় ফুটবলারদের কাছে যথেষ্ট চ্যালেঞ্জিং। কারণ এই ম্যাচ দেখেই নিশ্চয়ই জানুয়ারির এএফসি এশিয়ান কাপের দল নির্বাচনের পরিকল্পনা করবেন স্টিফেন। দিল্লিতে ক্যাম্পে ২৯ জন ফুটবলার ডাক পেয়েছিলেন। তার মধ্যে অনূর্ধ্ব ২৩ ফুটবলার ছিলেন ১৩ জন। চূড়ান্ত ২২ জনের দল নিয়ে চিনে পাড়ি দিয়েছেন স্টিফেন। এশিয়ান কাপের কথা মাথায় রেখে চিনের বিরুদ্ধে ম্যাচে ভারতীয় ফুটবলাররা নিজেদের সেরাটা উজাড় করে দেবেন। এআইএফএফ কর্তারা চেষ্টা করছেন, এশিয়ান কাপের আগে ভারতীয় দলকে শক্তিশালী প্রতিপক্ষের বিরুদ্ধে ম্যাচ খেলানোর। স্টিফেনের কথায়, ছেলেদের প্রমাণ করতে হবে। এশিয়ান কাপের মূল পর্বে এদের মধ্যে থেকেই সুযোগ পাবে। ম্যাচটা হাল্কাভাবে নেওয়ার কোনও প্রশ্নই নেই। প্রতিপক্ষ চিন সম্পর্কে স্টিফেনের মূল্যায়ন, ওরা খুব ভাল দল। অ্যাটাকিং ফুটবল খেলতে ওরা পছন্দ করে। কঠিন ম্যাচ হবে। তবে এ ধরনের কঠিন প্রতিপক্ষের বিরুদ্ধেই আমাদের ম্যাচ খেলা দরকার। ভবিষ্যতে এরকম শক্তিশালী টিমের বিরুদ্ধেই খেলতে হবে আমাদের।

ইংল্যান্ড ক্রিকেটারকে ফিরিয়ে শ্রীলঙ্কার খেলোয়াড়দের উল্লাস।

নিজেকে ব্যালন ডি'অর দাবিদার মানতে নারাজ পোগবা

ম্যাঞ্চেস্টার, ১০ অক্টোবর: ২০০৮ থেকে বর্ষসেরা ফুটবলার খেতাব অর্থাৎ ব্যালন ডি'অর শিরোপা ভাগাভাগি করে নিয়েছেন বিশ্ব ফুটবলের দুই মহারথী। তবে চলতি বছরে পাল্টাতে পারে সেই দৃশ্য। ক্রিশ্চিয়ানো রোনাল্ডো এবং লিওনেল মেসিকে পিছনে ফেলে ব্যালন ডি'অর জিতবেন অন্য কোনও তারকা, তেমনটাই মনে করছেন বিশেষজ্ঞরা। সেই তালিকায় যেমন নাম রয়েছে 'ফিফা দ্য বেস্ট' লুকা মদ্রিচের, তেমনই নাম রয়েছে বিশ্বজয়ী ফ্রান্স দলের একাধিক তারকার। প্রাথমিক তালিকায় ৩০ জনের মধ্যেও ফরাসি মিডফিল্ডার পল পোগবাকে উপরের সারিতেই রাখছেন ফুটবল বিশেষজ্ঞরা। তবে নিজেকে ব্যালন ডি'অর দাবিদার মানতে একেবারেই রাজি নন ম্যান ইউ তারকা। বরং বর্ষসেরা এই খেতাবের যোগ্য দাবিদার হিসাবে পোগবা বেছে নিয়েছেন তাঁর দলেরই বাকি তিন সতীর্থকে। ব্যালন ডি'অর প্রাথমিক তালিকায়



নাম রয়েছে ফ্রান্সের বিশ্বজয়ী দলের সাত সদস্যের। পোগবার সঙ্গে সেই তালিকায় রয়েছেন অধিনায়ক হুগো লরিস, মিডফিল্ডার এনগোলো কন্তে, উদীয়মান তারকা কিলিয়ান এমবাপ্পে, ডিফেন্ডার রাফায়েল ভারানে, স্ট্রাইকার আঁতোয়ান গ্রিজম্যান এবং করিম বেঞ্জেমা। এই তালিকা থেকে ব্যালন ডি'অর বাছতে গিয়ে ৬ ফুট ২ ইঞ্চির মিডফিল্ডার জানিয়েছেন, কোনও একজনকে এক্ষেত্রে বেছে নেওয়া মুশকিল। তবে গ্রিজম্যান, এমবাপ্পে এবং ভারানে এই তিনজন ব্যালন ডি'অর জয়ের অন্যতম দাবিদার। এই খেতাব আমার সতীর্থদের অনেক বেশি প্রাপ্য। সম্ভাব্য চতুর্থ ফুটবলার হিসাবে এই তালিকায় পোগবা রেখেছেন তাঁর আরও এক সতীর্থ এনগোলা কন্তেকে। তবে কোনওভাবেই এই তালিকায় নিজেকে রাখতে রাজি নন ফ্রান্সের বিশ্বজয়ের নায়ক। ব্যালন ডি'অর দৌড়ে প্রবলভাবে রয়েছেন গত মরশুমে রিয়াল মাদ্রিদের হয়ে চ্যাম্পিয়ন্স লিগ জেতা ও বিশ্বকাপের ট্র্যাজিক হিরো ক্রোয়েশিয়ার লুকা মদ্রিচও। কিন্তু নিজেকে দাবিদার না মানলেও তাঁরই কোনও এক সতীর্থ এই খেতাব পেলে তিনি খুশি হবেন বলে জানিয়েছেন পল। আগামী ৩ ডিসেম্বর রোনাল্ডো-মেসিকে ছাপিয়ে ফ্রান্সের বিশ্বজয়ী দলের কোনও সদস্যের হাতে এই শিরোপা ওঠে, নাকি শিরোপা ছিনিয়ে নেন অন্য কেউ। এখন সেটাই দেখার।

রণতুঙ্গার বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ ভারতীয় মহিলার

নয়াদিল্লি, ১০ অক্টোবর: মিটু'র ছায়া ক্যাম্পেনের জেরে এবার বিপাকে শ্রীলঙ্কার প্রাক্তন অধিনায়ক তথা বর্তমান মন্ত্রী অর্জুনা রণতুঙ্গা। অর্জুনের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ এনেছেন এক ভারতীয় বিমানকর্মী। একটি ফেসবুক পোস্টে ওই বিমানকর্মী দাবি করেন শ্রীলঙ্কার প্রাক্তন অধিনায়ক ভারত-শ্রীলঙ্কা সিরিজ চলাকালীন একটি হোটেলে তাঁর শ্লীলতাহানির চেষ্টা করেন। ওই বিমানকর্মীর অভিযোগ, ভারত-শ্রীলঙ্কা সিরিজ চলাকালীন একদিন হঠাৎ মুম্বইয়ের জুহুর একটি বিলাসবহুল হোটেলে তাঁর ও তাঁর বান্ধবীর সঙ্গে দেখা হয়ে যায় ক্রিকেটারদের। তারা অটোগ্রাফ নেওয়ার জন্য ক্রিকেটারদের ঘরে যান। একে একে সব ক্রিকেটারদের ঘরেই যান তারা। ভারতীয় ক্রিকেটাররা তাদের যথেষ্ট সম্মানের সঙ্গেই অটোগ্রাফ দেন। কিন্তু রণতুঙ্গার ঘরে গিয়েই বিপত্তি বাধে। তরুণীর অভিযোগ রণতুঙ্গার ঘরে সেসময় ৭ জন ছিলেন। তারা মদ্যপান করছিলেন। দুই তরুণী প্রবেশ করলে তাদেরও মদ্যপানের প্রস্তাব দেওয়া হয়। অভিযোগকারী মহিলার বান্ধবী সেই প্রস্তাবে সম্মত হলেও তিনি নিজে সম্মত হননি। এরই মধ্যে সাত ক্রিকেটারের মধ্যে কোনও একজন ঘরের দরজাটা বন্ধ করে দেন। অভিযোগকারী আতঙ্কিত হয়ে পড়েন। এরই মধ্যে হঠাৎ করে পিছন থেকে নির্যাতিতাকে জাপটে ধরেন প্রাক্তন শ্রীলঙ্কা অধিনায়ক। এরপরই মহিলার শরীরের একাধিক স্পর্শকাতর স্থানে হাত দেওয়ার চেষ্টা করা হয় বলেও জানিয়েছেন সে। ফেসবুক পোস্টে মহিলা জানিয়েছেন, রণতুঙ্গার আচরণে প্রথমে তিনি হতভম্ব হয়ে যান। পরে ধাতস্থ হয়ে শ্রীলঙ্কার প্রাক্তন অধিনায়কের পায়ে লাথি মারেন এবং তাঁকে এক ঝটকায় ফেলে দিয়ে ছুটে রিসেপশনে পালিয়ে যান। হোটেলের কর্তৃপক্ষকে ঘটনার কথা জানানো হলেও নাকি তারা অভিযোগ নিতে অস্বীকার করে। রিসেপশনিস্ট

অভিযোগকারিণীর করা ফেসবুক পোস্ট।

জানান, এটা সম্পূর্ণই আপনার বিবেক অগ্নিহোত্রী, বিকাশ বহেল, ব্যক্তিগত ব্যাপার, এতে আমরা রজত কাপুরদের মতো ব্যক্তিত্বের হস্তক্ষেপ করব না। মিটু'র বিরুদ্ধে উঠেছে হেনস্থার ক্যাম্পেনের মাধ্যমে সমাজের বিভিন্ন শ্রেণির মহিলারা তাদের তারকা জোয়ালা গুট্টাও একই বিরুদ্ধে হওয়া যৌন হেনস্থার অভিযোগ করেছেন। মিটু'র অভিযোগ প্রকাশ্যে আনছেন। ক্যাম্পেনকে সমর্থন করেছেন আরেক ব্যাডমিন্টন তারকা পিভি সিন্ধুও।

প্রকাশক পার্থ কুণ্ডু কর্তৃক পি-১১, সি. আই. টি. রোড, স্কিম - এল ভি, কলকাতা-১৪ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ৮১ নীলগঞ্জ রোড, কলকাতা-৭০০ ১০৯ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● কার্যনির্বাহী সম্পাদক : দেবাংশু চক্রবর্তী ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য সম্পাদক : আশিস্ লাহা